



ঢাকা ওয়াসার ঢাকা এনভায়রনমেন্টালী সাসটেইনেবল ওয়াটার সাপ্লাই প্রজেক্ট (DESWSP) এর পুনর্বাসন কার্যক্রম সম্পর্কে কিছু জরুরি তথ্য

ঢাকা ওয়াসা ঢাকা শহরবাসীর জন্য বিশুদ্ধ/স্বাস্থ্যসম্মত পানির চাহিদা পূরণের লক্ষ্যে ঢাকা এনভায়রনমেন্টালী সাসটেইনেবল ওয়াটার সাপ্লাই প্রজেক্ট নামে একটি গুরুত্বপূর্ণ প্রকল্প বাস্তবায়ন করছে। উক্ত প্রকল্প বাস্তবায়নে ঢাকা ওয়াসা, নারায়ণগঞ্জ জেলার আড়াইহাজার উপজেলার বিশনন্দি থেকে বারিধারা, ঢাকা পর্যন্ত মোট ৩৬ কি.মি. পানির লাইন নির্মাণ করছে যাতে ২০০ একর (পুনর্বাসন পরিকল্পনা অনুযায়ী) ব্যক্তি মালিকানাধীন জমি অধিগ্রহণ করা হবে। উক্ত অধিগ্রহণের ফলে যাদের জমি, ঘরবাড়ী, ব্যবসা প্রতিষ্ঠান ফসল, আয় ও জীবন জীবিকা ক্ষতিগ্রস্ত হবে সেই সমস্ত ক্ষতিগ্রস্ত ব্যক্তি ও পরিবারবর্গের জন্য প্রকল্পের পুনর্বাসন পরিকল্পনা অনুযায়ী ক্ষতিপূরণ প্রদান করা হচ্ছে। উল্লেখ্য যে, কিছু ক্ষতিগ্রস্ত পরিবারবর্গ তাদের জমির মালিকানা বিষয়ে জটিলতা থাকায় বা আইনী প্রক্রিয়া সম্পাদন করে জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ হতে জমির ক্ষতিপূরণ মূল্য বা ওয়াসা হতে অতিরিক্ত পুনর্বাসন ক্ষতিপূরণ অদ্যাবধি পান নাই, সেই সকল ক্ষতিপূরণ বিল প্রদান বিষয়ে নিম্নে বর্ণিত প্রক্রিয়া/কার্যক্রম হাতে নেয়া হয়েছে।

১. প্রকল্পের দাতা সংস্থা এশিয়ান উন্নয়ন ব্যাংকের পুনর্বাসন নীতিমালা অনুযায়ী আইন সংগত ও সামাজিকভাবে স্বীকৃত ক্ষতিগ্রস্ত (APs) মালিকগণ ঢাকা ওয়াসা হতে অতিরিক্ত প্রকল্প সহায়তা পাবেন। সহযোগী সংস্থা এনজিও “ডরপ” আবেদনের বিষয়ে সার্বিক সহযোগিতা প্রদান করবে।
২. জমি সংক্রান্ত আইনি প্রক্রিয়া শেষ হওয়ার পর রায়ের কপি বা প্রয়োজনীয় কাগজপত্রসহ ডিসি অফিস বরাবর জমির ক্ষতিপূরণের টাকা পাওয়ার জন্য আবেদন করতে হবে। উক্ত সময়েই পুনর্বাসন সহযোগী সংস্থা এনজিও “ডরপ” ও ঢাকা ওয়াসার নিম্নে উল্লিখিত ঠিকানায় বা অফিসে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।
৩. যে সকল ক্ষতিগ্রস্ত ব্যক্তিবর্গ তাদের জমির মালিকানা সংক্রান্ত জটিলতা থাকায় ক্ষতিপূরণ পান নাই তাদের জমির মূল্য জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ অফিসে জমা রাখা হয়েছে। আইনি জটিলতা থাকায় যে সকল ক্ষতিগ্রস্ত ব্যক্তি ক্ষতিপূরণ গ্রহণ করতে সক্ষম হননি, ঢাকা ওয়াসা কর্তৃক প্রদেয় তাদের আনুমানিক প্রাপ্য অর্থ সহায়তা হিসেব করে সঞ্চিত রাখার উদ্দেশ্যে জনতা ব্যাংক লিঃ, কাওরানবাজার কর্পোরেট শাখায় একটি পৃথক একাউন্ট খোলা হয়েছে। উক্ত একাউন্ট প্রকল্প পরিচালক এবং প্রকল্পের সিনিয়র ফাইন্যান্স ও একাউন্টস অফিসারের যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে।
৪. আলোচ্য হিসাবটি শুধুমাত্র পুনর্বাসন ক্ষতিপূরণ প্রদানের জন্যই পরিচালিত হবে। অন্য কোন কাজে বা উদ্দেশ্যে এই হিসাব ব্যবহার করা হবে না।
৫. জমির আইনি জটিলতা নিরসনের সাথে সাথে এ সংক্রান্ত ঘোষিত রায়/মিউটেশন বা জমির তথ্য/কাগজপত্রসহ জেলা প্রশাসক ও ঢাকা ওয়াসা কর্তৃক নিয়োজিত এনজিও ডরপকে অবহিত করণসহ আবেদন করতে হবে।
৬. জেলা প্রশাসন জমির সিসিএল (জমির মূল্য) ক্ষতিগ্রস্তদের প্রদান করবে এবং ওয়াসার প্রকল্প অফিস কর্তৃক আলোচ্য হিসাব হতে অন্যান্য অতিরিক্ত পুনর্বাসন সহায়তা বিল পরিশোধ করা হবে।
৭. ক্ষতিপূরণ বিল প্রদানের জন্য খোলা আলোচ্য হিসাব সর্বশেষ ক্ষতিগ্রস্ত ব্যক্তি ক্ষতিপূরণ বিল পরিশোধ হওয়া পর্যন্ত এমনকি প্রকল্পের মেয়াদ উত্তীর্ণ হবার পরও চালু থাকবে।
৮. আলোচ্য হিসাবে জমাকৃত টাকার উপর অর্জিত লভ্যাংশ/সুদ আনুপাতিক হারে সকল ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে প্রদান করা হবে।
৯. প্রকল্প বাস্তবায়ন মেয়াদ শেষ হওয়ার পর যদি কোন ক্ষতিগ্রস্ত ব্যক্তি তাদের ক্ষতিপূরণ ওয়াসা হতে না পেয়ে থাকে তবে তিনি গন্ধর্বপুর পানি শোধনাগারের অপারেশন ও মেইনটেন্যান্স বিভাগে আবেদন করবেন (আবেদনের কপি ব্যবস্থাপনা পরিচালক বরাবর প্রদান করতে হবে)। ঢাকা ওয়াসার উল্লিখিত সংশ্লিষ্ট বিভাগ হতে ঐ ক্ষতিপূরণ বিল প্রদানের ব্যবস্থা করা হবে। সময়ে সময়ে আলোচ্য হিসাবের হালনাগাদ (Update) ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের অবহিত করা হবে।
১০. পুনর্বাসন কর্মসূচি বাস্তবায়ন করার জন্যে সরকারি প্রজ্ঞাপন মোতাবেক ছয় সদস্য বিশিষ্ট অভিযোগ নিরসন কমিটি (জিআরসি) প্রকল্প এলাকার প্রতি ইউনিয়নে গঠন করা হয়েছে। এই কমিটি ক্ষতিগ্রস্ত ব্যক্তির ক্ষতিপূরণ সংক্রান্ত কোন অভিযোগ থাকলে তা নিরসনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

উল্লেখ্য যে, ইতোমধ্যে আপনাদের জমি অধিগ্রহণপূর্বক জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ কর্তৃক ঢাকা ওয়াসাকে পজেশন বুঝিয়ে দেয়া হয়েছে। প্রকল্পের পানির পাইপ স্থাপন কাজ শুরু করার স্বার্থে ঢাকা ওয়াসা কর্তৃক অধিগ্রহণকৃত জমিতে চাষাবাদসহ এ জাতীয় সকল কার্যক্রম বন্ধ করে জমিতে বিদ্যমান ঘর-বাড়ি ও অন্যান্য স্থাপনা নিজ দায়িত্বে সরিয়ে নিয়ে জমি খালি করে দেওয়ার জন্য ইতোপূর্বে বেষ কয়েকবার নোটিশ প্রদান করা হয়েছে এবং প্রকল্প ও প্রকল্পের এনজিও (ডরপ) কর্তৃকও নিয়মিত তাগিদ প্রদান করা হচ্ছে। প্রকল্পে নিয়োজিত ঠিকাদার কর্তৃক জরুরী ভিত্তিতে কাজ শুরুর স্বার্থে অধিগ্রহণকৃত জমি হতে আগামী ২ (দুই) সপ্তাহের মধ্যে আপনার স্থাপনা সরিয়ে নিয়ে বা চাষাবাদসহ এ জাতীয় সকল কার্যক্রম বন্ধ করে প্রকল্প কাজ বাস্তবায়নে সহযোগিতা করার জন্য পুনরায় অনুরোধ করা হলো।

ঢাকা ওয়াসা আশা করে যে, ঢাকা শহরে পানি ব্যবস্থাপনা উন্নয়নের বৃহত্তর স্বার্থে স্থানীয় জনগণ, সম্মানিত ব্যক্তিবর্গ, সরকারি বেসরকারি প্রতিষ্ঠানসমূহ আলোচ্য সরকারী প্রকল্প বাস্তবায়ন কাজে সহযোগিতার হাত প্রশস্ত করবেন।

এরিয়া অফিস DESWSP

টিম লিডার/এরিয়া ম্যানেজার

ডেভেলপমেন্ট অর্গানাইজেশন অব দি রুরাল পুর

গন্ধর্বপুর, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

মোবাইল নং- ০১৭২০-২৪২৬৭৮, ০১৭১৪-০৯১২১৬

প্রকল্প পরিচালক

ঢাকা এনভায়রনমেন্টালী সাসটেইনেবল ওয়াটার সাপ্লাই প্রজেক্ট (DESWSP)

ওয়াসা ভবন, ৯৮ কাজী নজরুল ইসলাম এভিনিউ (১০ম তলা)

কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।